



নং ৩৬.১০.০০০০.০১৮.৯৯.০০১.১৮/ ২০৫

তারিখঃ ২২ মার্চ ২০২০।

বিষয়ঃ ঘাতকব্যাপি করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এর গৃহীত কার্যক্রম।

করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও), শিল্প মন্ত্রণালয় নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছেঃ

০১। এনপিও'র প্রতিটি রুম, চেয়ার, টেবিল ও অন্যান্য আসবাবপত্র, ওয়াশরুম,বেসিন ইত্যাদি পরিষ্কারকরণ এবং জীবাণুমুক্ত করণের জন্য বিশেষ কার্যক্রম নেয়া হয়েছে। গত ১৫ মার্চ ২০২০ তারিখে বিশেষ 5S Day পালন করা হয়েছে।

০২। এনপিও'র প্রবেশপথে হ্যান্ড সেনিটাইজার রাখা হয়েছে। এনপিও তে প্রবেশকারী যে কাউকে হ্যান্ড সেনিটাইজার দিয়ে হাত পরিষ্কার করে ভিতরে প্রবেশ করতে হবে।

০৩। শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এনপিও তে কন্ট্রোলরুম খোলা হয়েছে এবং একজন ফোকাল পয়েন্ট নিযুক্ত করা হয়েছে (ফোকাল পয়েন্টঃ জনাব মোঃ মনিরুজ্জমান, গবেষণা কর্মকর্তা, মোবাইল নং- +৮৮০১৭২৪৫৯৮৩৬১, ই-মেইলঃ monirnp@gmail.com, কন্ট্রোল রুমের হটলাইন নং- +৮৮ ০২ ৪১০৫০৪২৭)।

০৪। জনসমাগম রোধকল্পে এনপিও পরিচালিত সভা-সেমিনার সীমিত করা হয়েছে।

০৫। দেশের বিভিন্নস্থানে এনপিও কর্তৃক পরিচালিত উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি সীমিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৬। বিশেষ প্রয়োজন ছাড়া কর্মকর্তা ও কর্মচারীদেরকে অন্যরুমে যেতে নিরুৎসাহিত করা হয়েছে।

০৭। মুজিববর্ষ উপলক্ষে এনপিও'র প্রত্যয় সম্বলিত উদ্দীপনামূলক উক্তির মাধ্যমে প্রতিদিন সকাল ৯.০৫ টায় সমাবেশ করা হত। এই কর্মসূচি আপাতত স্থগিত করা হয়েছে।

০৮। ডিজিটাল হাজিরার ডিভাইস থেকে সংক্রমণ রোধকল্পে ডিজিটাল হাজিরা ডিভাইসে পাঞ্চ করতে নিষেধ করা হয়েছে। এজন্য ম্যানুয়ালি হাজিরা খাতায় স্বাক্ষর করতে নির্দেশ দেয়া হয়েছে।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

(নিশ্চিত কুমার পোদ্দার)
পরিচালক(যুগ্ম সচিব)
ফোনঃ ৯৫৮৫৬২৩

সচিব

শিল্প মন্ত্রণালয়

৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।